# ৭ দফা দাবিতে রাজধানীতে আগামীকাল জামায়াতের জাতীয় সমাবেশ, ব্যাপক প্রস্তুতি




সংগৃহীত ছবি

জনগণের সামনে ৭ দফা গুরুত্বপূর্ণ দাবি তুলে ধরতে জাতীয় সমাবেশের আয়োজন করছে জামায়াতে ইসলামী। শুক্রবার (১৮ জুলাই) দুপুরে সোহরাওয়ার্দী উদ্যান পরিদর্শনকালে দলটির সেক্রেটারি জেনারেল অধ্যাপক মিয়া গোলাম পরওয়ার এ তথ্য জানান।

দলটির ঘোষিত দাবিগুলোর মধ্যে রয়েছে: পিআর (প্রোপোরশনাল রিপ্রেজেন্টেশন) পদ্ধতি প্রবর্তন, জুলাই মাসের গণহত্যার দৃশ্যমান বিচার, এবং সকল রাজনৈতিক দলের জন্য সমান সুযোগ বা 'লেভেল প্লেয়িং ফিল্ড' নিশ্চিত করা।

অধ্যাপক পরওয়ার বলেন, "সমাবেশের জন্য মঞ্চ নির্মাণসহ প্রয়োজনীয় সব প্রস্তুতি চলছে। নির্ধারিত সময়ের আগেই সব কাজ শেষ হবে বলে আশা করছি। একটি শান্তিপূর্ণ ও সুশৃঙ্খল সমাবেশের জন্য সব ধরনের ব্যবস্থা নেওয়া হয়েছে।"

LENS ASIA

তিনি আরও জানান, সমাবেশে আগত জনসাধারণের সার্বিক নিরাপত্তা নিশ্চিত করতে আইনশৃঙ্খলা রক্ষাকারী বাহিনী পর্যাপ্ত ব্যবস্থা গ্রহণ করেছে। অংশগ্রহণকারীদের সুবিধার্থে রাখা হয়েছে মেডিকেল বুথ, বিশুদ্ধ পানির সরবরাহ ও পয়ঃনিষ্কাশনের ব্যবস্থা।

দীর্ঘদিন পর জামায়াতের এই আয়োজন ঘিরে দেশজুড়ে নেতাকর্মীদের মাঝে ব্যাপক উৎসাহ লক্ষ্য করা যাচ্ছে বলেও মন্তব্য করেন তিনি। রাজধানীবাসীর সাময়িক ভোগান্তির আশঙ্কা থাকায় তাদের কাছে আগাম দুঃখ প্রকাশ করেন জামায়াতের সেক্রেটারি জেনারেল।